



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ -১ শাখা
www.lgd.gov.bd


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৮৮০০.০১৭.৯৯.০০৩.১৯-৫৪ (৫১)

তারিখ: ০৩ মাঘ ১৪২৭
১৭ জানুয়ারি ২০২১

বিষয়: কারণ দর্শানো নোটিশ

উপর্যুক্ত বিষয়ে আপনারা জনাব মো: সুলতান মাহমুদ, চেয়ারম্যান ও একই ইউনিয়ন পরিষদের সংরক্ষিত মহিলা আসনের সদস্য জনাব মোছা: সালেহা বেগম, ১৩নং জালালপুর ইউনিয়ন পরিষদ, শাহজাদপুর, সিরাজগঞ্জ-কে এলজিএসপি-৩ প্রকল্পের ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ অর্থবছরের ৩০,১৫,৮৪৪/- (ত্রিশ লক্ষ পনের হাজার আটশত চুয়াল্লিশ) টাকা আত্মসাতের উদ্দেশ্যে এলজিএসপি ব্যাংক হিসাব হতে ব্যক্তিগত ব্যাংক হিসাবে স্থানান্তরিত করার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জেলা প্রশাসক, সিরাজগঞ্জ এর সুপারিশ মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ১৭ জানুয়ারি, ২০২১ তারিখের ৫৩ নং স্মারকের প্রজ্ঞাপনে জনস্বার্থে আপনাদেরকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। কেন আপনাদেরকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (খ) ও (ঘ) ধারার অপরাধে আপনাদের পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, সিরাজগঞ্জ এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১৭.০১.২০২১
(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮-৬৬০৫
ই-মেইল: up1lgd@gmail.com

১। জনাব মো: সুলতান মাহমুদ
চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত) ১৩নং জালালপুর ইউনিয়ন পরিষদ
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

২। জনাব মোছা: সালেহা বেগম,
সংরক্ষিত মহিলা আসনের সদস্য (সাময়িক বরখাস্তকৃত), ১৩নং জালালপুর ইউনিয়ন পরিষদ
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ (উল্লিখিত ইউপি চেয়ারম্যান ও সদস্যের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক তাঁর জবাব সংগ্রহ করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।